6243 I 5684 750Rs.




admissible under Regn. Rule.
Duly Stamped under the India
Stamp Act, 1899 as amended by
Act III of 1922 and Section 81
of the Calcutta Improvement
Act, 1911 Schedule.
A No. 23
Stamp Duty Paid under the
Indian Stamp Act, 1899 as
amended in 1976 Rs. 9.00
Additional duty Paid under the
Calcutta Improvement Act 1911
Rs. 2.80 Excess
Total Rs. 11.80

A 129.50

Sub-Registrar, Alipore
Dist. 24-Parganas
97/85

সাফ বিক্রয় কোবালা , মূল্য ১৪,০০০.০০ টাকা মাত্র ।
*****************************************

কোবালা গ্রহিতা :-
**************

শ্রী আনন্দ চন্দ্র সরদার, পিতা * মন্মথ সরদার, সাকিন ৫৪।১১ নং নিউ সন্তোষপুর মেইন রোড, থানা কসবা, জেলা ২৪ পরগণা, কলিকাতা - ৭৫, জাতি হিন্দু, পেশা চাষাদি ।

কোবালা দাতা :-
***************

শ্রী নয়ন চন্দ্র হালদার, পিতা * মন্মথ নাথ হালদার, সাকিন বড়াখোলা , থানা কসবা, জেলা ২৪ পরগণা, কলিকাতা - ৭৮, জাতি হিন্দু, পেশা চাষ আদি ।

কস্য কৃষি ডাঙ্গা জমি যায় তদ্‌পরিস্থিত বৃক্ষাদি ও ইজমেন্ট এবং স্বত্ত্ব স্বত্ত্বাদি সহ সম্পত্তির সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে - জেলা ২৪ পরগণা, থানা সাবেক

200Rs.

INDIA NON JUDICIAL

২০০ রু.

Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये TWO HUNDRED RUPEES



টালিগঞ্জ সদর তৎপর যাদবপুর হাল কসবা, সাবরেজেষ্ট্রি আলিপুর, পরগণা খাসপুর, রে, সা নং ৪০, জেলা ২৪ পরগণা কালেক্টারীর ১৫১ নং তৌজি ভুক্ত জে, এন নং ২১, মৌজা বড়াখোলা গ্রামে হাল জরিপের ১৩ নং খতিয়ান ভুক্ত ৩৭ নং দাগে ৭ সাত কাঠা ২ দুই ছটাক ১৫ পনের বর্গফুট জমিতে চাষাবাদ দ্বারা খাস দখলে সত্ত্ববান ও ভোগ দখলিকার আছি। বর্ত্তমানে বৈধ কারণে আমার নগদ অর্থের প্রয়োজনে উক্ত ৭ সাত কাঠা ২ দুই ছটাক ১৫ পনের বর্গফুট কৃষি ডাঙ্গা জমি বেলযোক্ত মং ১৪,০০০.০০ চৌদ্দ হাজার টাকা পন মূল্যে আপনাকে সাফ বিক্রয় করিবার স্থিরতরে এবং নিম্ন আয়মত উক্ত ধার্য্য পন মং ১৪,০০০.০০ চৌদ্দ হাজার টাকা আপনার নিকট হইতে গ্রহণ করিয়া ও তাহার প্রাপ্তি স্বীকারে উপরোক্ত ও নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত এবং অত্র দলিল সংলগ্ন নকসায় সীমাকৃত বড়াখোলা মৌজার

100Rs.

INDIA NON JUDICIAL

১০০ রু. Rs. 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



হাল ১০ নং খতিয়ান ভুক্ত ৩৭ নং দাগে ৭ সাত কাঠা ২ দুই ছটাক ১৫ পনের বর্গফুট কৃষি ডাঙ্গা জমি জমা যায় বৃক্ষাদি ও সর্ববিধ ইজমেন্ট ও বর্ত্ম সত্বাদি সরবস্তু হক হকুক সহ সম্পূর্ন নির্দায় নির্দোষ ও খাস অবস্থায় আপনাকে বিক্রয় করিলাম এবং উহার সীমানা আপনাকে বুঝাইয়া দিয়া এবং উহার সত্ব দখল আপনার অনুকূলে ত্যাগ করতঃ উক্ত বিক্রিত ভূম্যাদি হইতে আমি আমার ওয়ারিশান ও স্থলবর্ত্তীগণক্রমে অদ্য হইতে চিরতরে নিঃসত্ব ও দখলচ্যুত হইলাম এবং আপনার নাম বরাবর অত্র সাফ বিক্রয় কোবালা দলিল সহি সম্পাদন করতঃ স্বীকার, অঙ্গিকার, প্রকাশ ও প্রচার করিলাম যে - উক্ত ও নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত বিক্রিত ভূম্যাদিতে আমার যাহা কিছু সত্ব, স্বামিত্ব, নজা, অধিকার ও হক হকিয়াতাদি ছিল বা আছে, তৎসমুদয় অদ্য হইতে সম্পূর্ন নির্দায়, নির্দোষ ও খাস অবস্থায় আপনাতে বর্ত্তিল ও অর্শিল ।

100Rs.




181

আপনি অদ্য হইতে ঐ বিক্রিত ভূম্যাদিতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে কায়েম দখলিকার হইলেন এবং সরকার সেরেস্তায় আমার নামের স্থলে আপনার নাম খারিজ ও জারী করতঃ হারাহারি করাদি ও দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশান ( যাদবপুর ইউনিট ) সেরেস্তায় আপনার নাম খারিজ পূর্ব্বক ট্যাক্সাদি আদায় দিয়া নিজ নামে দাখিলা ও রসিদ গ্রহণে দান, বিক্রয়াদি সর্ব্বপ্রকার হস্তান্তর, রূপান্তর ও বন্ধকাদি করিবার ও দিবার ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলবর্ত্তীগণক্রমে নির্ব্বিবাদে নিব্যূঢ় স্বত্বে আনন্দের নিরাপদে ভোগ দখল করিতে থাকুন, তাহাতে আমার বা আমার কোন ওয়ারিশানের অথবা স্থলবর্ত্তীগণের কস্মিন কালেও কোন ওজর আপত্তি বা দাবী দাওয়া করা চলিবে না, ঐরূপ করিলেও তাহা সর্ব্বদা, সর্ব্বত্র বাতিল ও অগ্রাহ্য বলিয়া গণ্য হইবে ।

20 Rs.

২০রু. TWENTY RUPEES 20 RS.

সত্যমেব জয়তে

ভারত

INDIA



প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বর্ণিত বিক্রিত ভূম্যাদি আমি ইতিপূর্বে কাহাকেও কোন প্রকারে হস্তান্তর বিলি বন্দোবস্ত বা বন্ধকাদি দেই নাই বা করি নাই অথবা ঐরূপ করিব বলিয়া কাহারও সহিত কোন চুক্তি করি নাই, উহা কোন আদালতের মামলাধীন নহে অথবা উহা সরকার কর্তৃক অধিকৃত হয় নাই বা ঐরূপ হইবে বলিয়া আমি কোন নোটিশ পাই নাই, উহা কাহারও দেনার, জামিনের অথবা খোর পোষের দায়ে আবদ্ধ নাই। উহা দেবোত্তর বা ট্রাস্ট ভুক্ত ভূমি নহে। যদ্যপি আমার উপরোক্ত উক্তি মিথ্যা প্রমানে বা আমার কোন কৃত কার্য্যের দরুন বিক্রিত ভূমির স্বত্বের হীনতা জন্মে অথবা উহাতে আপনার খাস দখলের বিঘ্ন ঘটে তাহা হইলে পনের বেবাক টাকা মায় অত্র কোবালা রেজেষ্ট্রি খরচা এবং যাবতীয় ক্ষতিপূরণ সহ আপনাকে আমি ফেরত দিতে ও আইনমতে আমলে আসিতে বাধ্য থাকিলাম।

অত্র দলিল সংলগ্ন নকসায় যে ৬' ছয় ফুট প্রশস্ত পথ প্রদর্শিত রহিল, ঐ পথে আমি ও আপনি ওয়ারিশান গণক্রমে ও স্থলবর্তীগণক্রমে পথরূপে ও বত্ত্ব সূত্রে

10 Rs.






ব্যবহার করিব ও ভোগ দখল করিব ।

অত্র দলিলে কোন ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পাইলে আবশ্যকীয় সংশোধনী দলিল বিনা পণে আপনার খরচে রেজেষ্ট্রি করিয়া দিব ।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বেচ্ছায় অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম্ম সমস্ত অবগত হইয়া ও পণের সম্পূর্ন টাকা বুঝিয়া পাইয়া অত্র কোবালা দলিল আপনার নাম বরাবর সহি সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিলাম । ইতি সন বাংলা ১৩৯২ সালের - ২৩শে আষাঢ় মোতাবেক ইংরাজী সন ১৯৮৫ সালের - ৮ই জুলাই ।

তপশীল বিক্রিত ভুমির পরিচয় -

*********************

জেলা ২৪ পরগণা, থানা কসবা, সাবরেজেষ্ট্রি আলিপুর, পরগণা খাসপুর, রে, সা, নং ৪০, তৌজি নং ১৫৯, জে, এল নং ১১, মৌজা বড়াখোলা গ্রামে বিগত রিভিসন্যাল জরিপের ১৩ নং খতিয়ান ভুক্ত ২৩ শতক জমির কাত বার্ষিক ৩ টাকা করের রায়ত -

দখলি সুত্রীয় জমি জমা মধ্যে হাল ৩৭ সাইত্রিশ নং দাগে ৭ সাত কাঠা ২ দুই ছটাক ১৫ পনের বর্গফুট কৃষি জমি জমা যায় বৃক্ষাদি , ইজমেন্ট ও বর্ত্ম সুত্রাদি দরবস্ত হক হকুক সহ বিক্রিত সম্পত্তি হইতেছে । ইহা অত্র দলিল সংলগ্ন নকসায় লাল রেখার দ্বারা বেষ্টিত করিয়া প্রদর্শিত রহিল ।ইহার বার্ষিক খাজনা ১.৬০ পয়সা পশ্চিম বঙ্গ সরকার সেরেস্তায় আদায় দিতে হইবে ।ইহা বর্ত্তমানে দি কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশান ( যাদবপুর ইউনিট ) অন্তর্গত এবং চাষাবাদ হইতেছে ।

টাকার জায় -
*************

ইতিপূর্ব্বে এবং অদ্য রোজ মোট ..... ১৪,০০০.০০ টাকা

মং চৌদ্দ হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম ।

শ্রীনরেশ চন্দ্র হালদার

ইসাদি :-

১। প্রভাস চন্দ্র বর্মন
বড়খেওলা
কলিকাতা ৭৫

২। শ্রীরামচন্দ্র মণ্ডল
বড়খেওলা
কলিকাতা ৭৫

মুশাবিদাকারক :-
Dolly Bose
Advocate
Alipore

টাইপ কারক
শ্রী অনন্তজিৎ কুমার মিত্র
আলিপুর পুলিশ কোর্ট
কলিকাতা - ২৭ ।

Book No. I
Volume no. 96
Pages 64 to 69
Being No. 5684
For the year 19.85

0 1'50
paid
13-7

Sub-Registrar, Alipore
Dist. 24-Parganas
8/7/85

Sub-Registrar, Alipore
Dist. 24-Parganas
8/4/87